## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ /২০২৪ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ : ১১/০৩/২০২৪ খ্রিঃ
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

উপস্থিতি সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট-'ক'
অনুপস্থিতি সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট-'খ'

উপস্থিত সকল সদস্যগণকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সুন্দরগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে মর্মে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। অত:পর সভাপতি জনাব মোঃ তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা, বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী/ সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরনপূর্বক আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনা করা হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা, সভায় আগত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানান, তিনি বলেন, সুন্দরগঞ্জ থানায় ফেব্রুয়ারি ২০২৪ মাসে ২৭ টি মামলা রুজু হয়েছে। জানুয়ারি ২০২৪ মাসে মামলার সংখ্যা ছিল ৩০ টি। গত মাসের তুলনায় ৩ টি মামলা কম দায়ের হয়েছে। তিনি ২২ ফেব্রুয়ারি হতে পুলিশ সপ্তাহ উদযাপিত হচ্ছে মর্মে উপস্থিত সকলকে অবগত করেন। তিনি বলেন, সুন্দরগঞ্জ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি অন্যান্য সময়ের চেয়ে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি, উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে, গ্রাম পুলিশ, ইউনিয়ন পরিষদ মেম্বার, ও চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সভায় বলেন, উপজেলার বিভিন্ন এলাকায় যে সকল সোলার প্লান্ট (সন্ধ্যা) বাতি স্থাপন করা হয়েছিল তার অধিকাংশ এখন নষ্ট হয়েছে। ফলে অপরাধপ্রর্বণ এলাকাসমূহে আইন-শৃঙ্খলা বিঘ্নিত হবার আশংকা রয়েছে। তিনি নষ্ট হয়ে যাওয়া সোলার প্লান্ট (সন্ধ্যা) বাতিগুলো মেরামত করার আহবান জানান।<br><br>সভাপতি, সভায় বলেন, রাতের বেলায় মোবাইল কোর্ট করা হয়না। ফলে কোন এলাকায় রাতে বালু উত্তোলন এবং মাটি কাটার ঘটনা ঘটলে সংশ্লিষ্ঠ এলাকার মেম্বার, চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যাক্তিগণকে বাদা প্রদানের আহবান করেন। তিনি বলেন, বালু উত্তোলন এবং মাটি কাটা শুধু মাত্র প্রশাসনের তৎপরতায় বন্ধ হবে না এজন্য সকলের সচেতন ভূমিকা থাকতে হবে। | ১। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিভিন্ন অপরাধপ্রবণ ও জনগুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br><br>২। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের অপরাধপ্রর্বণ এলাকায় গ্রাম পুলিশ মোতায়েন করবেন।<br><br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নষ্ট হয়ে যাওয়া সোলার প্লান্ট (সন্ধ্যা) বাতিগুলো মেরামত করার সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরন করবেন। | ১। উপজেলা প্রশাসান, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br><br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br><br>৩। চেয়ারম্যান, (সকল) ইউপি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br><br>৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |

বিভিন্ন অপরাধ চিত্র — অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা ফেব্রুয়ারি ২০২৪ মাসে দায়েরকৃত মামলার তথ্যাদি উপস্থান করেন যা নিম্নরুপঃ

| নারী শিশু নির্যাতন | | | খুন | ডাকাতি /দস্যুতা | চুরি/সিধল চুরি | মাদক | চোরা চালান | বিশেষ ক্ষমতা আইনের মামলা | অস্ত্র | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধর্ষণ | অপহরণ | না:শি:নি: | | | | | | | | | |
| - | - | ০১ | - | - | ০১ | ০৫ | - | - | - | ১৯ | ২৭ |

গ্রাম আদালতের ফেব্রুয়ারি ২০২৪ মাসের দায়ের ও নিস্পত্তিকৃত মামলার তথ্যাদি নিম্নরুপঃ

| ইউপির নাম | পূর্বের অপেক্ষমান মামলার সংখ্যা | দায়েরকৃত মামলার সংখ্যা | উচ্চ আদালত থেকে প্রাপ্ত মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা (৩+৪+৫) | নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | বাতিল ও উচ্চ আদালতে প্রেরীত মামলার সংখ্যা | মোট নিস্পত্তিকৃত (৭+৮) মামলার সংখ্যা | বর্তমানে অপেক্ষমান মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বামনডাঙ্গা | ০ | ১ | ০ | ১ | ১ | ০ | ১ | ০ |
| সোনারায় | ১ | ২ | ০ | ৩ | ২ | ০ | ২ | ১ |
| তারাপুর | ১০ | ১৫ | ০ | ২৫ | ১৮ | ০ | ১৮ | ৭ |
| বেলকা | ০ | ৪ | ০ | ৪ | ৩ | ০ | ৩ | ১ |
| দহবন্দ | ১৩ | ১ | ০ | ১৪ | ১০ | ০ | ১০ | ৪ |
| সর্বানন্দ | ৬ | ৬ | ০ | ১২ | ৬ | ০ | ৬ | ৬ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| রামজীবন | ১০ | ১ | ০ | ১১ | ০ | ০ | ০ | ১১ |
| ধোপাডাঙ্গা | ২ | ৪ | ০ | ৬ | ৩ | ০ | ৩ | ৩ |
| ছাপড়হাটী | ১৮ | ১ | ০ | ১৯ | ৪ | ০ | ৪ | ১৫ |
| শান্তিরাম | ১ | ০ | ০ | ১ | ১ | ০ | ১ | ০ |
| হরিপুর | ৯ | ১ | ০ | ১০ | ৬ | ০ | ৬ | ৪ |
| কঞ্চিবাড়ী | ৫ | ০ | ০ | ৫ | ০ | ০ | ০ | ৫ |
| শ্রীপুর | ৪ | ৩ | ০ | ৭ | ২ | ০ | ২ | ৫ |
| চন্ডিপুর | ১৬ | ০ | ০ | ১৬ | ৮ | ০ | ৮ | ৮ |
| কাপাসিয়া | ৫ | ১ | ০ | ৬ | ৬ | ০ | ৬ | ০ |
| মোটঃ | ১০০ | ৪০ | ০ | ১৪০ | ৭০ | ০ | ৭০ | ৭০ |

| | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভাপতি, গ্রাম আদালতে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন। সভাপতি বলেন, গ্রাম আদালত পরিচালনার বিষয়ে সপ্তাহের প্রতি সোমবার ও বুধবার বাধ্যতামূলকভাবে গ্রাম আদালত পরিচালনা করার জন্য জেলা প্রশাসক, মহোদয় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় নির্দেশনা প্রদান করেছেন। তিনি ইউনিয়ন পরিষদ গ্রাম আদালতে মামলা দায়ের নিস্পত্তি ও পেন্ডিং মামলার তথ্য প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসে প্রেরনের নির্দেশনা প্রদান করেন। | ১। গ্রাম আদালত পরিচালনার জন্য প্রতি সপ্তাহে সুনির্দিষ্ট দিন সোমবার ও বুধবার নির্ধারণ করে আদেশ জারি করতে হবে এবং সে অনুযায়ী গ্রাম আদালত পরিচালনার শিডিউল প্রতিমাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| **ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:** সকল ইউনিয়ন থেকে আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়। জানুয়ারি ২০২৪ মাসের সভার তারিখ নিম্নোক্তভাবে করা হয়েছে মর্মে জানা যায়। | উপজেলার সকল ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির নিয়মিত সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মাসের ৩০ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এবং এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |

| ইউনিয়নের নাম | সভা অনুষ্ঠানের তারিখ: |
|---|---|
| বামনডাঙ্গা | ২০/০২/২০২৪ |
| সোনারায় | ১৫/০২/২০২৪ |
| তারাপুর | ১৫/০২/২০২৪ |
| বেলকা | ২০/০২/২০২৪ |
| দহবন্দ | ২৭/০২/২০২৪ |
| সর্বানন্দ | ১৮/০২/২০২৪ |
| রামজীবন | ২৭/০২/২০২৪ |
| ধোপাডাঙ্গা | ২৭/০২/২০২৪ |
| ছাপড়হাটী | ২৯/০২/২০২৪ |
| শান্তিরাম | ১৯/০২/২০২৪ |
| হরিপুর | ২৮/০২/২০২৪ |
| কঞ্চিবাড়ী | ০৮/০২/২০২৪ |
| শ্রীপুর | ২৯/০২/২০২৪ |
| চন্ডিপুর | ২৮/০২/২০২৪ |
| কাপাসিয়া | ০৮/০২/২০২৪ |

| | | | |
|---|---|---|---|
| ইভটিজিং/অপহরণ সংক্রান্ত আলোচনা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা উল্লেখ করেন যে, চলতি মাসে এ উপজেলায় ইভটিজিং / অপহরণ সংক্রান্ত কোন মামলা দায়ের হয় নাই। উপজেলায় কোথাও ইভটিজিং / অপহরণ এর তথ্য পাওয়া গেলে তা তাৎক্ষনিণকভাবে প্রতিরোধের ব্যবস্থা নেয়া হবে। | উপজেলায় ইভটিজিং ও অপহরণ সংক্রান্ত ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা। |
| চুরি/ডাকাতি | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা সভায় বলেন, জানুয়ারি ২০২৪ মাসে এ উপজেলায় চুরির মামলা দায়ের হয়নি।<br>জনাব মো: আবু বক্কর সিদ্দিক, সাংবাদিক, সভায় বলেন, অভিনব কায়দায় মাদকদ্রব্য বেচা কেনা চলছে। সন্ধ্যার পর শিক্ষা প্রতিষ্ঠানের পরিত্যক্ত জায়গাগুলো ব্যবহার করা হচ্ছে। এবং মাদক সেবনকারীরা মাদকের টাকা জোগাতে চুরি ছিনতাইয়ের আশ্রয় নিচ্ছে। তিনি বলেন, মাদকদ্রব্য বেচা কেনার সাথে প্রতিবন্ধি এবং তৃতীয় লিঙ্গের লোক জরিত থাকতে পারে। | ১। উপজেলায় চুরি রোধে পৌরশহরসহ গুরুত্বপূর্ণ স্থানসমূহে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br>২। গ্রাম অঞ্চলে চুরি-ডাকাতি রোধে গ্রাম পুলিশের টহল বৃদ্ধি করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br>৪। চেয়ারম্যান (সকল) ইউপি। |

| | | | |
|---|---|---|---|
| জুয়া | অফিসার ইনচার্জ, সভায় জানান, গত মাসে জুয়া আইনে কোন মামলা হয়নি। এ উপজেলায় জুয়া খেলা কমে গেছে। প্রকাশ্যে কোন জুয়া খেলা হয় না। গ্রামগঞ্জে কোথাও কোন জুয়া খেলা হলে তা অবগত করা হলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেয়া হয়।<br><br>চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, সভায় বলেন, তার ইউনিয়নে জুয়া ও মাদক কারবারির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এখনই এগুলো বন্ধ করা জুরুরী। সভাপতি দূর্ণীতি প্রতিরোধ কমিটি ও সাংবাদিক জনাব মো: শাহজাহান মিঞা সভায় বলেন, গত সভার অধিকাংশ সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। তিনি বলেন জুয়ায় আটককৃত আসামীদের জরিমানার পরিমান খুবই কম হওয়ায় জুয়ারিরা দ্রুত ছাড়া পেয়ে আবার জুয়ায় জরিয়ে পরেন।<br>অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা বলেন, চন্ডিপুর ইউনিয়ন ও আশেপাশের এালাকায় যে জুয়ার প্রকোপ বৃদ্ধি পেয়েছে তা বন্ধে আগে থেকেই অভিযান অব্যহত আছে। তিনি বলেন, উপজেলায় জুয়ার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। থানায় দায়েরকৃত মামলার অধিকাংশ জুয়া সংক্রান্ত মামলা। তিনি বলেন জুয়ারিরা এমন জায়গায় জুয়ার বোর্ড বসান যে অভিযান করে তেমন সফলতা প্াওয়া যায়না। সে জন্য তিনি সংশ্লিষ্ট এলাকার চেয়ারম্যান, মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিগনের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>সভাপতি সভায় বলেন, জুয়া ও মাদক রোধে চেয়ারম্যান, সাংবাদিক ও গণ্যমান্য ব্যক্তিগণকে নিয়মিত শিক্ষা প্রতিষ্টান পরিদর্শন করে শিক্ষার্থীদের মাঝে জুয়া ও মাদকের ভয়াভহতা সর্ম্পকে বক্তব্য দেয়ার আহবান করেন। তিনি বলেন জুয়া ও মাদক রোধে সাধারণ মানুষের মাঝে সামাজিক মূল্যবোধের পরিবর্তন আনা জরুরী। | উপজেলার সর্বত্র জুয়া খেলা বন্ধে অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br>৩। চেয়ারম্যান (সকল) ইউপি। |
| মাদকদ্রব্য সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা সভায় বলেন, দেশে মাদক বিরোধী অভিযান চলমান। চলতি মাসে থানায় মাদক সংক্রান্ত ০৫টি মামলা দায়ের হয়েছে। মাদক নিয়ন্ত্রণের অভিযান অব্যাহত থাকায় মাদক সেবন ও বিক্রয় কমে গেছে। তবে সুনিদৃষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে অভিযান পরিচালনা করা হবে। | মাদকের ব্যবহার, ক্রয় ও বিক্রয় রোধে অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রশাসন<br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা। |
| বাল্যবিবাহ সম্পর্কিত আলোচনা | সভাপতি জানান যে, উপজেলায় বাল্যবিবাহ রোধে তৎপরতা অব্যাহত আছে। তবে বাল্যবিবাহ রোধে চেয়ারম্যান, মেম্বারগণকে দ্রুত তথ্য প্রদানসহ পাড়া মহল্লা থেকে বাল্যবিবাহ অনুষ্ঠিত হওয়ার তথ্য উপজেলা প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার অনুরোধ করেন। তিনি আরও বলেন বাল্যবিবাহরোধে প্রশাসনের তৎপরতার পাশাপাশি স্কুল ও অন্যান্য শিক্ষা প্রতিষ্টানে সচেতনতামূলক সভা, উঠান বৈঠক, মসজিদের খুতবায় প্রচার-প্রচারনা, গ্রাম আদালত ও লিগ্যাল এইড কমিটি এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম বৃদ্ধি করতে সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। | ১। কোথাও বাল্যবিবাহের আয়োজন করা হলে দ্রুত অবহিত করতে ইউপি চেয়ারম্যানসহ সকলেই পদক্ষেপ নিবেন।<br><br>২। বাল্যবিবাহরোধে সকল শিক্ষা প্রতিষ্টানে নিয়মিত সচেতনতামূলক সভা, উঠান বৈঠক করতে হবে। | ১।উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ।<br>২।অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা<br>৫। ইউপি চেয়ারম্যান (সকল), সুন্দরগঞ্জ। |
| বিবিধ আলোচনা | জনাব মো: আব্দুল মান্নান আকন্দ, সাংবাদিক বলেন পবিত্র রমজানে নিয়মিত বাজার মনিটরিং করা একান্ত জরুরী তবে বাজার মনিটরিং করার জন্য নিয়মিত বাজারে গিয়ে বাজারের সঠিকতা যাচাই করা প্রয়োজন। তিনি বাজার মনিটরিং করার পাশাপাশি হাট-বাজার সমূহ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করার উপরগুরুত্বারোপ করেন।<br>তিনি সভায় বলেন, ইট ভাটা মালিকগন রাস্তার পাশে মাটি জমিয়ে রাখেন ফলে বৃষ্টির দিনে রাস্তায় কাদার সৃষ্টি হয় এবং দূর্ঘটনা ঘটে।<br>তিনি বলেন, উপজেলা পরিষদের পেছনের মাঠে বখাটে ছেলেদের আড্ডা রোধে রাত্রে পুলিশি টহল জোরদার করার আহবান জানান।<br><br>সভাপতি বলেন, পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে বাজার মনিটরিং করার আহবান জানান। তিনি বলেন কোন ব্যবসায়ী যাতে অতি মুনাফা অর্জন করতে না পারে সে বিষয়ে সকলকে সর্তক থাকার পরামর্শ প্রদান করেন। কেউ যদি অতি মুনাফা লাভের আসায় অসৎ পথ অবলম্বন করে তাহলে আইনগত ব্যবস্থা নেয়া হবে মর্মে সভায় জানান। | ১। যেখানে সেখানে মাটি কাটা নিয়ন্ত্রনে অভিযান অব্যহত থাকবে।<br>২। উপজেলার কোথাও বালু উত্তোলন করলে দ্রুত মোবাইল কোর্ট পরিচালনা করে বালু উত্তোলন বন্ধ করতে হবে। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ<br>২। অফিসার (সকল) অফিস, সুন্দরগঞ্জ,গাইবান্ধা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০১.১৫-৩৬৩(৫০)

তারিখ ঃ ২৭ ফাল্গুন ১৪৩০
১১ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্লেঃ

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। পুলিশ সুপার গাইবান্ধা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।।
৪। মেয়ের, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
৫। উপজেলা.................................................................. অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৬। চেয়ারম্যান,.............................................................. ইউপি (সকল), সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৭। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৮। জনাব/ জনাবা.............................................................. সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

১১/০৩/২৪
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'
(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র/নং | নাম/পদবী | প্রতিনিধি | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১। | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ২। | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ৩। | উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৪। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৫। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৬। | ডি,জি, এম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৭। | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৮। | চেয়ারম্যান, তারাপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৯। | চেয়ারম্যান, বেলকা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১০। | চেয়ারম্যান, দহবন্দ ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১১। | চেয়ারম্যান, রামজীবন ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ১২। | চেয়ারম্যান, কাপাসিয়া ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৩। | সভাপতি, দূর্নীতি প্রতিরোধ কমিটি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৪। | সভাপতি, উপজেলা প্রেসক্লাব, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৫। | অধ্যক্ষ, সুন্দরগঞ্জ মহিলা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৬। | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৭। | চেয়ারম্যান, সোনারায় ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৮। | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | , |
| ১৯। | চেয়ারম্যান, ছাপড়হাটী ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |

| | | | |
|---|---|---|---|
| | | | ” |
| ২০। | চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ” |
| ২১। | সভাপতি, প্রেসক্লাব সুন্দরগঞ্জ, গাইবান্ধা। | | ” |
| ২২ | সভাপতি পূজা উদযাপন পরিষদ, সুন্দরগঞ্জ | | |

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'খ'

| ক্র/নং | নাম/পদবী |
|---|---|
| ১। | উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ২। | উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৩। | অধ্যক্ষ, সুন্দরগঞ্জ ডি ডব্লিউ ডিগ্রি সরকারি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৪। | প্রধান শিক্ষক, আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৫ | ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৬ | চেয়ারম্যান, শান্তিরাম ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৭ | চেয়ারম্যান, ধোপাডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৮ | চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৯। | চেয়ারম্যান, কঞ্চিবাড়ী ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১০ | প্রধান শিক্ষক, সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১১। | সভাপতি, সুন্দরগঞ্জ প্রেসক্লাব, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১২। | চেয়ারম্যান, রামজীবন ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১৩ | আহবায়ক, উপজেলা পূজা উদযাপন কমিটি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১৪ | ইনচার্জ, ফায়ার সার্ভিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| ১৫ | চেয়ারম্যান, সর্বানন্দ ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১৬ | সমন্বয়ক, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |

স্বাক্ষরিত
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২